গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
Fax: 880-02-9576538, Web: www. most.gov.bd

স্মারক নং ৩৯.০০.০০০০.০০১.১১.০০৯.২৩- ৩৭৮

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩০ / ২৮ আগস্ট ২০২৩

নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের রাজস্বখাতভুক্ত নিম্নোক্ত পদসমূহে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে অনলাইনে (http://most.teletalk.com.bd ওয়েবসাইটে) দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্র:	পদের নাম ও বেতন স্কেল (জা. বে. স্কেল, ২০১৫ অনুযায়ী)	শূন্য পদের সংখ্যা	বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	সাধারণ জেলা কোটায় যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই
১	সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) ১১,০০০-২৬,৫৯০/-	০১ (এক)টি	অনূর্ধ্ব ৩০ বৎসর। তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ (গ) কম্পিউটার টাইপিং সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ; (ঘ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং (ঙ) কম্পিউটার Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।	ফেনী, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, সিরাজগঞ্জ, পাবনা, রাজশাহী, নাটোর, নওগাঁ, সাতক্ষীরা, কুষ্টিয়া, মাগুরা, খুলনা, ঝিনাইদহ, বরিশাল, ভোলা, হবিগঞ্জ, নরসিংদী, শরীয়তপুর, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, মাদারীপুর, গোপালগঞ্জ, লালমনিরহাট, গাইবান্ধা, রংপুর, কুড়িগ্রাম, শেরপুর, জামালপুর এবং নেত্রকোনা জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। **(তবে শুধু সরকারি/বেসরকারি এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীগণের ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন)**
২	অফিস সহায়ক গ্রেড-২০ ৮,২৫০-২০,০১০/-	০৯ (নয়)টি	১৮-৩০ বৎসর	কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, লক্ষ্মীপুর, পাবনা, রাজশাহী, নাটোর, নওগাঁ, যশোর, নড়াইল, কুষ্টিয়া, ঝিনাইদহ, ঝালকাঠি, পটুয়াখালী, বরিশাল, বরগুনা, হবিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, মুন্সিগঞ্জ, রাজবাড়ী, মাদারীপুর, পঞ্চগড়, নীলফামারী, ঠাকুরগাঁও, রংপুর, কুড়িগ্রাম, শেরপুর এবং জামালপুর জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। **(তবে শুধু সরকারি/বেসরকারি এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীগণের ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন)**

নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

১) **প্রার্থীর বয়সঃ**

(ক) ০১ সেপ্টেম্বর ২০২৩ খ্রি: তারিখে প্রার্থীদের বয়সসীমা ১৮-৩০ বৎসর এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের বয়সসীমা ১৮-৩২ বৎসর।

(খ) বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক (√) চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

৩) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৪) সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

৫) প্রার্থীর যোগ্যতা যাচাই:
প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নেবর্ণিত **(ক্রমিক নং ক হতে জ পর্যন্ত)** কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত সকল সনদের ছায়ালিপি দাখিল করতে হবে:

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদ);

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ;

(গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(ঘ) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমানক;

(ঙ) জাতীয় পরিচয়পত্র;

(চ) Online-এ পূরনকৃত আবেদনপত্রের কপি (Applicant`s Copy) ও (Admit Card);

(ছ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা কিংবা বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং আবেদনকারীর সাথে ধারাবাহিকতার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

(জ) শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ;

৬) লিখিত, মৌখিক ও ব্যাবহারিক পরীক্ষার তারিখ ও সময়সূচি পরবর্তীতে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটের www.most.gov.bd মাধ্যমে জানানো হবে এবং প্রার্থীদের ব্যক্তিগত মুঠোফোনে SMS-এর মাধ্যমে জানানো হবে।

৭) লিখিত/ব্যাবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হবে।

৮) লিখিত/ব্যাবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ. প্রদান করা হবে না।

৯) অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১০) নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে ;

১১) নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয় :

(ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ http://most.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
(i) অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ : ১০ সেপ্টেম্বর ২০২৩, সকাল ১০:০০টা।
(ii) অনলাইনে আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ : ১০ অক্টোবর ২০২৩, বিকাল ০৫:০০টা।
উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) online আবেদনপত্রে প্রার্থী তার সাম্প্রতিক সময়ে সংগৃহীত (০৩ মাসের মধ্যে) রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ ১০০KB ও স্বাক্ষর সাইজ, সর্বোচ্চ ৬০KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান** : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে

ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy-তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy-তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ২৩.০০ টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ২২৩.০০ (দুইশত তেইশ)টাকা এবং ২ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০ (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২.০০ টাকাসহ অফরেতযোগ্য সর্বমোট ১১২.০০ (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম **SMS**:

MOST<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **MOST ABCDEF & send to** 16222

Reply: Applicant's Name, TK-223/112 will be charged as application fee. Your PIN is 12345678, To pay fee Type **MOST**<space>**Yes**<space>**PIN** and Send to 16222 নম্বরে।

দ্বিতীয় **SMS**:

MOST<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **MOST Yes 12345678**

Reply: Congratulations Applicant's Name. Payment Completed Successfully for **MOST** Application for (Post Name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://most.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যাবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) কেবল টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) **User ID জানা থাকলে:**

MOST<space>**Help**<space>**User**<space>**User ID** & send to 16222

Example: MOST Help User ABCDEF & send to 16222

(ii) **PIN Number জানা থাকলে:**

MOST<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & send to 16222

Example: MOST Help PIN 12345678 & send to 16222

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.most.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদ্‌সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলটকের জব পোর্টাল **https://alljobs.teletalk.com.bd/most** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.most.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা alljobs.query@teletalk.com.bd এবং section1@most.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk -এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর subject-এ Organization Name: MOST Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১২) শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

১৩) Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৮/০৮/২০২৬

মোঃ তৌফিকুর রহমান
সিনিয়র সহকারী সচিব
ও
সদস্য সচিব
১১-২০ গ্রেডের বিভাগীয় নির্বাচন কমিটি
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
ফোন: ৫৫১০০১৭৬